দৈনিক খবর ১২৫

তারিখ 26 DEC 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

# সূর্যসেন হলের নাম বদলে জিন্নাহ হল রাখার দাবী করেছেন কাজী কাদের

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ মুসলিম লীগ প্রধান কাজী আবদুল কাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলের নাম পরিবর্তন করে পুনরায় জিন্নাহ হল নামকরণের দাবী জানিয়েছেন। তিনি প্রস্তাব করেছেন যে, সূর্যসেনের নামে নতুন কোন হল নির্মাণ করা যেতে পারে।

গতকাল শুক্রবার পাকিস্তানের জাতির পিতা মরহুম কায়েদে আযম মোহাম্মদ আলী জিন্নাহর ১১৬তম জন্মবার্ষিকী উপলক্ষে তার গুলশানস্থ বাসভবনে এক আলোচনা সভায় সভাপতির ভাষণে জনাব কাদের এই প্রস্তাব করেন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এম এ মতিন, মোহাম্মদ সিরাজউদ্দিন ও জমির আলী।

কাজী কাদের বলেন, আজ এ কথা দ্ব্যর্থহীনভাবে বলা যায় যে, মুসলিম লীগ না হলে যেমন পাকিস্তান হতো না, তেমনই পাকিস্তান না হলে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় সম্ভব হতো না। ইতিহাসে যার যা প্রাপ্য তাকে তা দেয়া উচিত বলে তিনি মন্তব্য করেন।

কাজী কাদের বলেন, অনন্য বিরল চারিত্রিক গুণাবলী, নেতৃত্বের দূরদর্শিতা ও আপোষহীন ব্যক্তিত্ব বিশ্ব ইতিহাসে কায়েদে আযম মোহাম্মদ আলী জিন্নাহর নাম উজ্জ্বল করে রেখেছে। তিনি পরিষ্কার উপলব্ধি করতে পেরেছিলেন যে, অবিভক্ত ভারতে হিন্দু ও মুসলিম দু'টি পৃথক জাতি। এ অনুভূতির উপর ভিত্তি করে রচিত হয়েছিলো তার প্রখ্যাত দ্বিজাতি তত্ত্ব। যদিও দ্বিজাতি তত্ত্বকে ভ্রান্ত প্রমাণ করার জন্য অনেক অপপ্রয়াস পরবর্তীতে চালানো হয়েছিলো, কিন্তু, সাম্প্রদায়িক ঐতিহাসিক বাবরী মসজিদ ধ্বংস করার পর দ্বিজাতি তত্ত্ব অতিবাস্তব রূপ লাভ করেছে। সোহরাওয়ার্দী-ভাসানী থেকে শুরু করে শেখ মুজিব পর্যন্ত প্রয় সব নেতাই কায়েদে আযমের নেতৃত্বে মুসলিম লীগের পতাকা তলে সমাবেত হয়ে সেদিন পাকিস্তান আন্দোলন করেছিলেন।